গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, বাগেরহাট
www.forest.bagerhat.gov.bd

## "খাড়াগাছ/জব্দকৃত/কর্তনকৃত কাঠ বিক্রয় বিজ্ঞপ্তি"

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | : | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। |
| ২ | এজেন্সী | : | বন অধিদপ্তর, বাংলাদেশ। |
| ৩ | দরপত্র আহ্বানকারী | : | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট। |
| ৪ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবি | : | এস, এম, সাজ্জাদ হোসেন, বিভাগীয় বন কর্মকর্তা। |
| ৫ | কাজের নাম | : | সামাজিক বন বিভাগ, বাগেরহাট এর আওতাধীন বাগেরহাট, খুলনা ও পিরোজপুর জেলার বিভিন্ন উপজেলার সামাজিক বনায়নের আওতায় সৃজিত মেয়াদ উত্তীর্ণ এবং উন্নয়নমূলক কাজের প্রয়োজনে খাড়াগাছ/জব্দকৃত/কর্তনকৃত/ঝড়েপড়া লটসমূহ বিক্রয়। |
| ৬ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | SFDB-11/21-22 Date: 27.03.2022 |
| ৭ | দরপত্র পদ্ধতি | : | বদ্ধখামে সীলমোহরযুক্ত। |
| ৮ | দরপত্র প্রচারের তারিখ | : | ২৭/০৩/২০২২ খ্রি. |
| ৯ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | : | ১১/০৪/২০২২ খ্রি. |
| ১০ | দরপত্র বিক্রয়ের স্থান | : | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ষাটগম্বুজ, খুলনা, ফুলতলা ও পিরোজপুর এসএফএনটিসির কার্যালয় হতে সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়। |
| ১১ | দরপত্র জমাদানের স্থান, তারিখ ও সময় | : | বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, বাগেরহাট, জেলা প্রশাসক, পিরোজপুর ও খুলনা জেলা এর কার্যালয়। তারিখ:১২/০৪/২০২২ খ্রি., সময়: সকাল ১০.০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১২ | দরপত্র বাক্স খোলার স্থান, তারিখ ও সময় | : | বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, বাগেরহাট। তারিখ:১২/০৪/২০২২ খ্রি. সময়: বেলা ২.৩০ ঘটিকা। |
| ১৩ | দরপত্র সিডিউলের মূল্য | : | খাড়াগাছের লট প্রতিটি ৪০০/- টাকা এবং জব্দকৃত/কর্তনকৃত/ঝড়েপড়া প্রতিটি ২০০/- টাকা। |
| ১৪ | দরপত্র বিজ্ঞপ্তি সম্পর্কে বিস্তারিত তথ্য | : | বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, বাগেরহাট এবং ষাটগম্বুজ, খুলনা, ফুলতলা ও পিরোজপুর এসএফএনটিসির কার্যালয় হতে সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে জানা যাবে। |
| ১৫ | কাজের বিবরণ (লটের তালিকা) | : | অত্র দপ্তরের আওতাধীন বিভিন্ন উপজেলার সৃজিত বাগানের লট। |

## কাঠ বিক্রয়ের শর্তাবলি

১। দরপত্রদাতাগণকে অবশ্যই নির্ধারিত সিডিউল বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট এর বরাবরে সিলমোহরযুক্ত খামে দরপত্র বাক্সে দরপত্র দাখিল করিতে হইবে। খামের বামপার্শ্বে দরপত্রদাতার পূর্ণ নাম ও ঠিকানা এবং মোবাইল নম্বর ও খামের ডানপার্শ্বে লট নং লিখিতে হইবে। দরপত্র সিডিউলে লটের ক্রয়মূল্য অংকে ও কথায় পৃথকভাবে এবং লট নম্বর স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিতে হইবে। লটের বিপরীতে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর নাম্বার এবং টাকার পরিমান স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। ফ্লুইড ব্যবহার/কাটাকাটি/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

২। দরপত্রদাতাগণকে দরপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে:
(ক) সিডিউল ক্রয়ের মূল রসিদ।
(খ) উদ্বৃত দরের ৩০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকে জমা পূর্বক পে-অর্ডার এর মূল কপি দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) হালনাগাদ ডিপো লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(ঙ) পার্সপোট সাইজের ছবি ০১ (এক) কপি।
(চ) যে কোন সিডিউল ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ।

৩। বায়নার টাকা কোন প্রকারেই নগদ অর্থে বা চেকের মাধ্যমে গ্রহণযোগ্য হইবে না। অকৃতকার্য দরদাতার বায়নার টাকা লিখিত আবেদনের ভিত্তিতে অবমুক্ত করা হইবে।

৪। একটি লট একাধিক দরদাতার নিকট বিক্রয় করা হইবে না। তবে একটি লটের জন্য একাধিক দরদাতা কর্তৃক একই মূল্য উদ্বৃত হইলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরদাতাদের উপস্থিতিতে লটারির মাধ্যমে দরদাতা নির্ধারণ করা হইবে।

৫। দরদাতা ইচ্ছা করিলে একাধিক লট ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। সকল লটের জামানত একসাথে প্রদান করা যাইবে না (উদ্ধৃত মূল্যের ৩০% পে-অর্ডার আলাদা ভাবে দাখিল করিতে হইবে)।

৬। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে লট সমূহ সরেজমিনে পুঙ্খানুপুঙ্খভাবে দেখিয়া দরপত্র দাখিল করিবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৭। যাহারা কালো তালিকা ভুক্ত বা যাহাদের নামে বন বিভাগের সার্টিফিকেট মামলা কিংবা যাহারা ইতোপূর্বে লট ক্রয়ের সর্বোচ্চ দরদাতা হইয়া এখন ও লটের মূল্য পরিশোধ ও কার্যাদেশ গ্রহণ করেন নাই তাহাদের দরপত্র অগ্রাহ্য বলে গন্য হইবে এবং তাহারা লট ক্রয় করিতে পারিবেন না।

৮। দরপত্রদাতাগণকে তাহাদের দরপত্র গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে চুক্তিনামা সম্পাদন ও ১৫ (পনের) দিনের মধ্যে লটের সমুদয় মূল্য জমা দিয়া কার্যাদেশ গ্রহণ করিতে হইবে এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল কাঠ/লট অপসারণ করিতে হইবে।

৯। লট ক্রেতাকে লট ক্রয় মূল্যের উপর ৫% আয়কর, ৭.৫% ভ্যাট এবং সরকারি সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক পরিশোধ করিতে হইবে।

১০। ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে লটের কাঠ অপসারণে ব্যর্থ হইলে তাহার জমাকৃত ৩০% জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করত: পুনরায় লট বিক্রয় করা হইবে এবং মূল্য কম পাওয়া গেলে PDR এ্যাক্ট অনুযায়ী মামলা করত: লট ক্রেতার নিকট হইতে বাকী অর্থ আদায় করা হইবে।

১১। সফল দরপত্রদাতাকে সতর্কতার সাথে কাঠ অপসারণ করিতে হইবে। অসতর্কতা বসত: কাঠ অপসারণের সময় ক্রয়কৃত লট ব্যতীত অন্য লট এর গাছ অপসারণ করা যাইবে না অথবা ক্রয়কৃত লটের গাছ অপসারণ কালে অন্য কোন গাছ, ঘরবাড়ি, রাস্তাঘাট বা জানমালের ক্ষতিগ্রস্ত/বিনষ্ট করা যাইবে না। অসাবধানতাবশত এরূপ ক্ষতিসাধন হইলে দরপত্রদাতা কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত জরিমানা প্রদানে ও আইনানুগ সাজা ভোগে বাধ্য থাকিবে।

১২। কোন লটক্রেতা কোন অবস্থাতেই ক্রমিক নম্বরবিহীন অথবা বিক্রয় তালিকা বহির্ভূত অথবা অন্যকোন সংস্থা বা ব্যক্তির গাছ/কাঠ কর্তন কিংবা পরিবহন করিতে পারিবে না। উক্ত শর্ত ভঙ্গকারী লটক্রেতার নিকট হইতে নিম্নস্বাক্ষরকারী কর্তিত গাছের/কাঠের বাজার মূল্যের ৩ গুণ অর্থ ক্ষতিপূরণ বাবদ আদায় করিতে পারিবেন। অথবা বন আইন মোতাবেক অবৈধভাবে গাছ কর্তনের দায়ে আদালতে মামলা রুজু করিতে পারিবেন।

১৩। বনজদ্রব্য অপসারণের সময় ক্রয়কৃত বনজ দ্রব্য পরিবহনের জন্য লট ক্রেতাকে চলাচল পাশ গ্রহণ করিতে হইবে। বনজদ্রব্যের চলাচল পাশ ব্যতিত কোন লট ক্রেতা বনজ দ্রব্য অপসারণ করিতে পারিবে না। বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১১ মানিয়া চলিতে হইবে।

১৪। সূর্যাস্ত হইতে সূর্যোদয় পর্যন্ত কোন প্রকার বনজদ্রব্য অপসারণ করা যাইবে না।

১৫। দরপত্র দাতার নামে ডিপো লাইসেন্স থাকিতে হইবে। বিভাগীয় বন কর্মকর্তার দপ্তর হইতে কাঠ ক্রয়/বিক্রয় ও মজুদ রাখার নিমিত্তে ডিপো লাইসেন্স সংগ্রহ করিতে হইবে। ডিপো লাইসেন্স ব্যতীত দরপত্র গ্রহণ করা হইবে না। (প্রাইভেট হ্যামার তৈরী পূর্বক বিভাগীয় বন কর্মকর্তার দপ্তর হইতে অনুমতি পত্র গ্রহন করিতে হইবে)

১৬। গাছ কর্তনের পর যদি সিডিউলে উল্লেখিত পরিমাণের চেয়ে অতিরিক্ত বনজদ্রব্য পাওয়া যায় তবে দরপত্র দাতাকে দরপত্রে উদ্বৃত মূল্যে উক্ত অতিরিক্ত কাঠের মূল্য পরিশোধ সাপেক্ষে কাঠ অপসারণের অনুমতি প্রদান করা হইবে। অন্যথায় সিডিউলে উল্লেখিত বনজদ্রব্যের অতিরিক্ত কাঠ অপসারণ করিতে পারিবেন না। অতিরিক্ত বনজদ্রব্য সরকারি সম্পদ হিসাবে বন বিভাগের নিকট থাকিবে।

১৭। দরপত্র বিজ্ঞপ্তি জারী করার পর এবং প্রয়োজনবোধে দরপত্র খোলার সময় কিংবা পরবর্তীতে লটের তালিকায় (মার্কিং/সাইজলিষ্ট) ভুলত্রুটি পরিলক্ষিত হইলে নিম্নস্বাক্ষরকারী উহা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। লটের দরপত্র গ্রহণের দিন হইতে বিক্রিত লটের রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব ক্রেতার উপর বর্তাইবে। কোন দৈবদুর্বিপাকে, ঝড়, তুফানে, বন্যায় বা আগুনে পুড়িয়া কোন লটের যদি ক্ষয়ক্ষতি হয় তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না এবং তজ্জন্য লটক্রেতা লটের ক্ষয়ক্ষতি বাবদ ক্ষতিপূরণ দাবী করিতে পারিবে না। ইহাছাড়া কোন প্রকার আইন শৃঙ্খলার অবনতি, চুরি, ডাকাতি, রাহাজানী ইত্যাদি কারণে লটের কাজ ব্যাহত হইলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না ।

১৯। সিডিউলে উল্লিখিত লটের বিপরীতে পরিবহন ব্যয় উল্লেখ থাকিলে উক্ত পরিবহন ব্যয় লটের মূল্যের অতিরিক্ত হিসাবে পরিশোধ করিতে হইবে। লটের ক্রয় মূল্য এবং নির্দ্ধারিত পরিবহন ব্যয় আলাদা ভাবে উল্লেখ করিতে হইবে

২০। সরকারি উন্নয়ন মূলক কাজের স্বার্থে লট ক্রেতা লট প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে মূল্য পরিশোধ এবং ১৫ (পনের) দিনের মধ্যে লট অপসারণ করিতে বাধ্য থাকিবে।

২১। ১০০০০০/-(এক লক্ষ) টাকার অধিক মূল্যের উদ্বৃত লটের দর উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে গৃহীত হইবে । উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেলে লট অপসারণের কার্যাদেশ প্রদান করা হইবে ।

২২। সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহণ করা বা না করা নিম্নস্বাক্ষরকারীর সম্পূর্ণ এখতিয়ারাধীন ।

২৩। দরপত্রদাতাগন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইনকানুনের আওতাভুক্ত থাকিবেন। অত্র দরপত্রের যাবতীয় শর্ত চুক্তিপত্রের শর্ত হিসাবে গণ্য হইবে এবং দরপত্র দাতাগণকে অত্র দরপত্র বিজ্ঞপ্তির সকল শর্তাবলী পুঙ্খানুপুঙ্খভাবে মানিয়া চলিয়া দরপত্র দাখিল করিতে হইবে।

২৪। অত্র দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত বা শর্তাবলি সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

২৫। কোন বিষয়ে বিভাগীয় বন কর্মকর্তার সিদ্ধান্তের সাথে লট ক্রেতা দ্বিমত পোষণ করিলে উক্ত বিষয়ে বন সংরক্ষক, যশোর মহোদয়ের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গ্রহণ করিতে হইবে।

27/2/22

(এস,এম, সাজ্জাদ হোসেন)
পরিচিতি নং-১৩১৬০
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, বাগেরহাট।
ফোন:০২৪৭৭৭৫১৫২৪
email:soialforest.bagerhat@gmail.com